

## গ্ৰীষ্মের বাঁকুড়া

দক্ষ বিক্ষরিত পাখা, চূর্ণ ঠোঁট, অসাড় নখরে  
 মৃত বাজপাখি যেমন পড়ে আছে :  
 বর্ষার হঠাৎ প্লাবনী নদীগুলি  
 নিশ্চিত ধূসর পটে জেগে আছে গ্রাম্য রেখা অস্পষ্ট সবুজ  
 কোমরে জড়িয়ে কানি আঁটুপাঁটু বৃক্ষ দল  
 অকুলান আপন ছায়ায়  
 পথের কিনারে এসে যেন ভীত সঙ্গীহীন নরনারী  
 দাঁড়িয়ে রয়েছে কোন দূরগামী বাসের আশায়।  
 দক্ষ দিগন্তের রেখা পার হবে কোথাও শহর,  
 ইতিহাস চলে গেছে ধূলো পায়ে বাঁকা চোরা পথে  
 দুই পাশে কোঠাবাড়ি গায়ে গায়ে নিচু দরজা ছুঁয়ে স গলি  
 দুপুরে বিমোয় যেন মধ্য গ্ৰীষ্মেও পথের কুকুর,  
 আধখোলা চোখের মত জেগে আছে গল্পের বাজার।  
 গগন বিহারী কোনো সন্ধ্যাটের মৃতদেহ ছড়ানো পাখায়  
 চূর্ণ ঠোঁটে ভাঙা নখে পড়ে আছে হঠাৎ প্লাবনী নদীগুলি।

আনন্দ বাগচী

